

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১- নব ৮

তারিখঃ ২৭-০৮-২০১৯খ্রিঃ।

বিষয়ঃ সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট অফিস কর্তৃক পেনশন পরিশোধের ব্যবস্থাপনা প্রসঙ্গে।

সূত্রঃ ১। ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৯৫৩, তারিখ-২৪/০৬/২০১৯ খ্রিঃ।

২। সিএও/পিএফএম/সিজিএ যোগাযোগ/৬৬/৩৭, তারিখ-০৮/০৮/২০১৯ খ্রিঃ।

সূত্র ঠ নং পত্রের মাধ্যমে পেনশন ব্যবস্থাপনাকে আধুনিকীকরণ এবং কেন্দ্রীয়ভাবে সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর মাধ্যমে পেনশন প্রদান কার্যক্রমের অংশ হিসেবে জুলাই ০৮, ২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসর গ্রহণকারী সকল সরকারি চাকরীজীবিদের গ্রাউন্টি সকল সিএও, ডিসিএ, ডিএও এবং ইউএও অফিস কর্তৃক পরিশোধের পর পেনশনারের মাসিক পেনশন পরিশোধের লক্ষ্যে আইবাস⁺⁺ সিস্টেমে ই-পিপিও তৈরী করে সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর সিস্টেমে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু আইবাস⁺⁺ সফটওয়ারে প্রযোজনীয় বিজনেস প্রসেস যথাসময়ে সঠিকভাবে সন্তুষ্টিপূর্ণভাবে সম্পূর্ণ করা সম্ভব না হওয়ায় আগামী ০১/০৯/২০১৯ খ্রিঃ হতে উক্ত কার্যক্রম যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট পে-পয়েন্ট সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট বরাবর ডাটা ট্রান্সফারের পূর্বে পেনশনারের গ্রাউন্টি এবং ডাটা ট্রান্সফারের পূর্ব মাস পর্যন্ত যদি কোন ধরণের মাসিক পেনশন বা ভাতা বকেয়া থাকে তাহলে ম্যানুয়াল পিপিও প্রস্তুতপূর্বক সেগুলো পরিশোধ করে লাল কালিতে “..... তারিখ পর্যন্ত এ কার্যালয় হতে পেনশন প্রদান করা হয়েছে এবং ইএফটি করার জন্য সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করা হলো” মর্মে পিপিও ও পেনশন বইয়ে লিপিবদ্ধ করে ডাটা ট্রান্সফার করবে।

সিজিএ মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

স্বাক্ষরিত

(মোহাম্মদ মমিনুল হক ভূইয়া)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোনঃ ৯৬০৮৫৯।

তারিখঃ ২৭-০৮-২০১৯খ্রিঃ।

নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১- নব (১-৪) (১-৩)

কার্যালয়ে বিতরণঃ

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস- (সকল)।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। বাংলাদেশের কম্পট্রোলার এড অডিটর জেনারেল
৭৭/৭ কাকরাইল, অডিট ভবন, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]

- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, প্রবিধি অনু বিভাগ।]

- ৩। অফিস কপি/গার্ড ফাইল।

লাইলী

(লাইলী বেগম)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোনঃ ৯৬৫৬৫০১।